# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

বিভাগীয় কার্যালয়
সি এন্ড বি রোড, বরিশাল।

ফোন ঃ ০২-৪৭৮৮৬৪২১৮
ই-মেইল ঃ gmbarisal@krishibank.org.bd


## বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী (২৪.০৩.২০২৪)

বিভাগীয় কার্যালয়, বরিশালের গত ২১.০৩.২০২৪ খ্রিঃ তারিখের অফিস স্মারক নং-জিএম/বার/প্রশা-৬৬/২০২৩-২০২৪/২১৫৫ এর মাধ্যমে বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির সভা আহবান করা হয়। তার প্রেক্ষিতে, অদ্য ২৪.০৩.২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির সভা মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

| ক্রমিক নং | কমিটির পদবী | নাম ও অফিসিয়াল পদবী | কার্যালয়ের ঠিকানা |
|---|---|---|---|
| ০১. | আহবায়ক ও সভাপতি | জনাব মোঃ জিয়াউর রহমান<br>মহাব্যবস্থাপক (দায়িত্বে) | বিকেবি, বিকা, বরিশাল |
| ০২. | সদস্য | জনাব মোঃ নূরুল আমিন<br>উপমহাব্যবস্থাপক | |
| ০৩. | সদস্য | জনাব শোয়েব আহম্মদ<br>উর্ধতন মুখ্য কর্মকর্তা | |
| ০৪. | সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | জনাব পল্লব বিশ্বাস<br>কর্মকর্তা | |

০২। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সকলকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আঞ্চলিক ও মাঠপর্যায়ে কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২৩-২০২৪ সম্পর্কে মহাব্যবস্থাপক মহোদয় দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

০৩। সভার কার্যসূচী অনুযায়ী সভায় প্রধান কার্যালয় থেকে প্রেরিত ছক অনুযায়ী অত্র কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর তৃতীয় প্রান্তিকের(জানুয়ারি-মার্চ) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভার সদস্য-সচিব ৩য় ত্রৈমাসিকের অগ্রগতি সভায় তুলে ধরেন। বিভিন্ন কর্ম-পরিকল্পনার মধ্যে বাস্তবায়িত কার্যক্রম নিম্নরুপঃ

১. ৩য় কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা আহবান করা হয়।
২. কর্ম পরিবেশ উন্নয়নে পরিস্কার পরিচ্ছন্নতার কর্মসূচি গ্রহণ করা হয়।
৩. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত রেজিষ্টার সংরক্ষণ চালু করা হয়।
৪. ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়।
৫. ১ম ও ৩য় কোয়ার্টারে ব্যাংকের যোগদানকৃত কর্মকর্তাদের অংশগ্রহনে একটি করে মোট ২ টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়।

০৪। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ কোয়ার্টারে কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটি ৩য় ত্রৈমাসিক সভায় নিম্নে উল্লেখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. ৪র্থ কোয়ার্টারে ব্যাংকে সম্ভাব্য যোগদানকারী কর্মকর্তাদের অংশগ্রহনে একটি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
০২. ব্যাংক বিধি মোতাবেক অধীনস্থ অফিসসমূহ নিয়মিত মনিটরিং ও পরিদর্শন ।
০৩. বিভিন্ন অভিযোগ দ্রুত ও সুষ্ঠুভাবে তদন্ত ও নিস্পত্তিকরণ।
০৪. কর্মপরিবেশ উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

০৪। সভার সভাপতি মহোদয় ৩য় ত্রৈমাসিকের অগ্রগতি পরিবীক্ষণ করে অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন আকারে ব্যাংকের ওয়েবসাইটে আপলোডকরনের নির্দেশনা প্রদান করেন। ৪র্থ ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে সকলকে সচেষ্ট হওয়ার নির্দেশনা প্রদান করেন।

০৫। পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

| | | | |
|---|---|---|---|
| 28/03/24 | 28/03/24 | 24/03/24 | 28/03/24 |
| (পল্লব বিশ্বাস)<br>কর্মকর্তা<br>সদস্য-সচিব<br>ও<br>শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা | (শোয়েব আহম্মদ)<br>উর্ধতন মুখ্য কর্মকর্তা<br>সদস্য | (মোঃ নূরুল আমিন)<br>উপমহাব্যবস্থাপক<br>সদস্য | (মোঃ জিয়াউর রহমান)<br>মহাব্যবস্থাপক (দায়িত্বে)<br>সভাপতি |